भारतीय गैर न्यायिक

दस रुपये रु.10 TEN RUPEES Rs.10

भारत INDIA

INDIA NON JUDICIAL

पश्चिम बंगाल WEST BENGAL

17AA 418332

Admissible under Rule 21 & sts 5/41 of W.B.L.R. Act, 1951 Stamp under the Indian Stamp Act, 1899 (W.B. Stamp as ammended up to date) Schadule 1A No. 23 Fees Paid Rs. 240947/- Process Fees 10/- by B.S.B

Addl. District Sub-Registrar MAYNAGURI

<u>সাফ বিক্রয় কোবালা</u>

<u>কোবালা গ্রহীতাঃ-</u>

ঈপক গ্রীন ফিল্ডস আই. টি. পার্কস ডেভলপমেন্ট লিমিটেড, একটি সংস্থা, যাহা ১৯৫৬ সালে কোম্পানী আইন অনুসারে নিবন্ধীকৃত, যাহার রেজিষ্টার্ড অফিসের ঠিকানা - "বিশ্বকর্মা", ৮৬সি, তপসিয়া রোড (সাউথ) থানা-তপসিয়া, কোলকাতা-৭০০ ০৪৬। কোম্পানীর পক্ষে- **শ্রী সোমনাথ** চক্রবর্ত্তী, পিতা মৃত অবিনাশ চক্রবর্ত্তী, জাতি-হিন্দু, পেশা-চাকুরী, ঠিকানা "বিশ্বকর্মা", ৮৬সি, তপসিয়া রোড (সাউথ), থানা-তপসিয়া, কোলকাতা-৭০০ ০৪৬।।

Stamp duty Required Rs. ...
Stamp duty paid in ... Stamp Rs. ...
Stamp duty paid u/s. 41 of the I.S.A. 1899 in Bank Draft Rs. ...
Collector u/s. 2(9) of the I.S.A. 1899.

1237 নং

তারিখ 17/09/2007

ক্রেতার নাম Subhankar Sarkar, Advocate

ঠিকানা Alipore Judges' Court. Kol-27.

Presented for Registration at .......... A.M./P.M. on the 12th day of Dec 07 200... of Addl. District Sub-Registrar Office, Maynaguri, Jalpaiguri by Subodh Ch. Executants/Claimants.

1. Subodh Chandra

Seo late Madyam Ray

Name ..........

S/o ..........

of Jhharmaliali


Thana Mal

District .......... Jalpaiguri

By Caste .......... Hindu/Muslim

By Profession Cultivator

Addl. District Sub-Registrar MAYNAGURI



Name Bhupendranath Ray

S/o Late Kamdeb Ray

of Jhharmaliali

Thana Mal

District .......... Jalpaiguri

By Caste .......... Hindu/Muslim

By Profession ..........

Addl. District Sub-Registrar MAYNAGURI

Certified that Deficit Stamp Duty Rs. 11৫৫০/-
Rupees 20|04| 0128 by a Bank
Draft bearing No. of State Bank
of India. 8৪৫৪৯ dated ৯.১৯-০৭
make up the proper Stamp Duty with which
the Document is Chargeable.

COLLECTOR
U/S. 2/9) (b) of I.S. Act, 1899
A.D.S.R. Maynaguri, Jalpaiguri
:: ২ :: ১৯/১৯/০৭

<u>কোবালা দাতা</u> ঃ- শ্রী সুবোধ চন্দ্র রায়, পিতা মৃত মধ্যম রায়, জাতি-হিন্দু, পেশা- কৃষিকার্য্য, সাকিম-ঝাড় মাটিয়ালী, পোষ্ট অফিস-লাটাগুড়ি, থানা- মালবাজার, জেলা -জলপাইগুড়ি ।

কস্য নিম্ন তপশীলে বর্ণিত অত্র সহ সঙ্গীয় নক্সায় **"লাল"** রংয়ের রেখা দ্বারা বিশেষভাবে চিহ্নিত ও প্রদর্শিত কমবেশী ৬৬(ছেষট্টি)শতক দহলা জমিজমা মায় আকর আওলাতাদি মায় সর্ব্বপ্রকার ব্যবহারিক ও ইজমেণ্ট স্বত্বাদি সহ সম্পত্তির সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দোষ অবস্থায় সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যাঞ্চাগে ঃ-

জেলা -জলপাইগুড়ি, থানা -মাল, ডিষ্ট্রীক্ট সাব রেজিষ্ট্রী অফিস-জলপাইগুড়ি , এ্যাডিসন্যাল ডিষ্ট্রীক্ট সাব রেজিষ্ট্রী অফিস-ময়নাগুড়ি, লাটাগুড়ি গ্রাম পঞ্চায়েতের এলাকাধীন, পরগনা -দক্ষিণ ময়নাগুড়ি, ৮৪ নং তৌজির অন্তর্গত, রেঃ সাঃ নং- ৫৯, জে. এল. নং - ৯২, বর্তমান মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের পক্ষে জেলা-জলপাইগুড়ি কালেকটর বাহাদুরের অধীন, মৌজা-ঝাড় মাটিয়ালী গ্রামে, এল. আর. জরীপের ১৪৪ নং খতিয়ানের অন্তগর্ত, ৭৬৮ নং দাগে ৬৬ শতক দহলা জমিজমা মালিক ও দখলীকার ছিলেন ঝাড়মাটিয়ালী গ্রাম নিবাসী নৃপেন্দ্রনাথ রায় মহাশয় ।

উক্ত নৃপেন্দ্রনাথ রায় মহাশয় উপরিউক্ত সম্পত্তির নিজ নাম পত্তন পূর্ব্বক ট্যাক্সাদি ও খাজনাদি আদায় দিয়া অন্যের বিনা স্বত্ব সংশ্রবে ও নিব্যূঢ় স্বত্বে খাসে ভোগবান ও দখলীকার থাকাকালীন, উপরিউক্ত ও অনান্য সম্পত্তি বিগত ইংরাজী ১৮/০৩/১৯৭৮ তারিখে এককেতা রেজিষ্ট্রীকৃত দলিল মূলে ঝাড়মাটিয়ালী গ্রাম নিবাসিনী শ্রীমতী সুকটাশ্বরী রায়, স্বামী শ্রী মধ্যম রায় মহাশয়াকে বিক্রয় করিয়া চিরতরে নিঃস্বত্ব ও দখলীচ্যুত হয়েন। উক্ত দলিল খানি ময়নাগুড়ি সাব রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির, ২৩ নং ভল্যুমে, ১২১ হইতে ১২৩ নং পৃষ্ঠায় লিপিবদ্ধ ১৯৭৮ সালে ২৪৬৬ নং দলিল রূপে নিবন্ধীকৃত আছে।

উক্ত শ্রীমতী সুকটাশ্বরী রায় মহাশয়া উপরিউক্ত সম্পত্তি ভোগদখল করিতে থাকাকালীন তিনি তাহার একমাত্র পুত্র -শ্রী সুবোধ চন্দ্র রায় অর্থাৎ বর্তমান কোবালা

SEAL OF THE ADDL. DIST. SUB-REGISTRAR
MAYNAGURI DIST. JALPAIGURI

Addl. District
Sub-Registrar
MAYNAGURI

দাতাকে ওয়ারিশান রাখিয়া ইহলোক ত্যাগ করেন। উক্ত সুকটাশ্বরী রায় মহাশয়ার মৃত্যুর পর বর্তমান কোবালা দাতা তাহার একমাত্র ওয়ারিশান হিসাবে উপরিউক্ত সম্পত্তির মালিক রূপে ভোগবান ও দখলীকার নিয়ত হয়েন। সুকটাশ্বরী রায় মহাশয়ার স্বামী শ্রী মধ্যম রায় তাহার পূর্বেই ইহলোক ত্যাগ করেন।

আমি বর্তমান কোবালা দাতা উপরিউক্ত ৬৬(ছেষট্টি) শতক দহলা জমিজমা ওয়ারিশান সূত্রে প্রাপ্ত হইয়া ও উহার ট্যাক্সাদি ও খাজনাদি আদায় দিয়া অন্যের বিনা স্বত্ব সংশ্রবে ও নিব্যূঢ় স্বত্বে খাসে ভোগবান ও দখলীকার নিয়ত আছি এবং আমার নাম এল. আর. জরীপের ৩৫৬ নং খতিয়ানে পত্তন হইয়া প্রচারিত ও প্রকাশিত হয়।

এক্ষনে নানাপ্রকার বৈধ ও সঙ্গত কারণে নগদ টাকার বিশেষ প্রয়োজন বোধে নিম্ন তপশীলে বর্ণিত সম্পত্তি আমি বিক্রয় করিবার প্রকাশ, প্রচার ও ঘোষণা করিলে আপনি অত্র কোবালা গ্রহীতা তাহা অবগত হইয়া আমার নিকট নিম্ন তপশীলে বর্ণিত সম্পত্তি সর্ব্বমোট **২,২০,০০০(দুই লক্ষ কুড়ি হাজার) টাকা** মূল্যে খরিদ করিবার প্রস্তাব দিলে আমি উহা বাজারোচিৎ সর্ব্বোচ্চ মূল্য বিবেচনা করিয়া রাজী হইয়া আপনার নিকট হইতে পণের সমুদয় মূল্য **২,২০,০০০(দুই লক্ষ কুড়ি হাজার) টাকা** নিম্নের জায় মোতাবেক গ্রহণ করতঃ আপনার নাম বরাবর অত্র কোবালা দলিল সহি সম্পাদন করিয়া দিয়া নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি আপনাকে বিক্রয়করতঃ বিক্রীত সম্পত্তির খোলসা খাস দখল অদ্যই আপনাকে প্রদান করিয়া দিয়া উহা হইতে ওয়ারিশানগণক্রমে আমি চিরতরে নিঃস্বত্ব ও দখলীচ্যুত হইলাম।

আমি অত্র কোবালা দাতা এতদ্বারা প্রচার, প্রকাশ ও ঘোষণা করিতেছি যে বিক্রীত সম্পত্তি মায় তৎসংলগ্ন যাবতীয় ইজমেন্ট স্বত্বাদিতে আমার যাহা কিছু সত্ব, স্বামীত্ব অধিকার হক হকিয়ৎ ছিল বা আছে তৎসমুদয় অত্র কোবালা বলে ধ্বংশ ও লুপ্ত হইয়া আপানাতে বতহিল। আপনি অদ্য হইতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান ও দখলে মালিক দখলিকার নিযুক্ত হইয়া বর্তমান মালিক সরকার সেরেস্থায় ও গ্রাম পঞ্চায়েতে আমার নামের স্থলে আপনার নিজ নাম নথিভূক্ত করাইয়া উহার ধার্য্যকৃত খাজনাদি ও

SEAL OF THE ADDL. DIST. SUB-REGISTRAR
MAYNAGURI, DIST. JALPAIGURI

Addl. District
Sub-Registrar
MAYNAGURI

ট্যাক্সাদি যথারীতি আদায় দিয়া দান, বিক্রয়, বন্ধকাদি সর্ব্বপ্রকার হস্তান্তর ও রূপান্তর করনের অবাধ ক্ষমতা যুক্তে স্থলাভিষিক্তগণক্রমে চিরকাল পরম সুখে ভোগ দখল করিতে থাকুন তাহাতে কস্মিনকালেও আমি মায় আমার অপর ওয়ারিশান গণক্রমে কেহ কোনদিন কোনপ্রকার প্রকার ওজর আপত্তি বা দাবি দাওয়া করিতে পারিব না, করিলেও তাহা অত্র বিক্রয় কোবালা বলে সর্বদা বাতিল, নামঞ্জুর ও অগ্রাহ্য হইবে।

প্রকাশ থাকে যে উক্ত ও নিম্ন তপশীলে বর্ণিত সম্পত্তি আমি ইতি পূর্ব্বে অন্য কাহারও নিকট কোনপ্রকারে দায়, সংযোগ বা হস্তান্তর করি নাই বা করা নাই অথবা কাহাকেও বিলি বন্দোবস্ত করা নাই অথবা কাহাকেও জীবন স্বত্বে বা নিঃস্বত্বে দান করা নাই, উক্ত সম্পত্তি কোন দেবসেবায় অর্পন করা নাই অথবা কাহাকেও ভাগে বিলি বন্দোবস্ত দেওয়া নাই কিংবা সরকার বাহাদুর হইতে একুইজিশান বা রিকুইজিশান হইবার জন্য কোন নোটিশ জারি হয় নাই, অথবা বিক্রীত সম্পত্তিতে কোনপ্রকার মামলা মোকর্দ্দমা দায়ের করা নাই অথবা আর অন্য কোন শরিক বা অংশীদার নাই। উক্ত সম্পত্তি সম্পূর্ণ নির্দ্দায়, নির্দ্দোষ, উত্তম স্বত্ব এবং মুক্ত অবস্থায় আমার ষোল আনা খাস দখলে থাকা অবস্থায় উহা আমি আপনাকে নির্ব্যূঢ় স্বত্বে বিক্রয় করিয়া উহা হইতে চিরতরে দখলচ্যুত হইয়া অদ্যই আপনাকে খোলসা খাস দখল প্রদান করিলাম।

যদি ভবিষ্যতে উক্ত ও নিম্ন তপশীলে বর্ণিত সম্পত্তির দায় থাকা প্রকাশ পায় কিংবা উক্ত স্বীকার উক্তির মধ্যে কোন একটি মিথ্যা বা তঞ্চকতা প্রমানিত হইয়া আপনার খরিদা স্বত্ব দখলে বা তাহার কোন অংশে ক্ষতি হয় বা বিঘ্ন ঘটে তাহা হইলে আপনি মাফিক আইন আমলে আসিয়া আপনার যাবতীয় ক্ষতি বা খেসারত পূরন করিতে আমি মায় আমার ওয়ারিশান গণক্রমে বাধ্য থাকিলাম।

যদি ভবিষ্যতে অত্র সাফ বিক্রয় কোবালা দলিলে কোনপ্রকার ভুলভ্রান্তি থাকা প্রকাশ পায় তাহার জন্য যদি কোনপ্রকার সংশোধনী দলিল করিবার আবশ্যক হয় তাহা হইলে আমি মায় আমার ওয়ারিশান বা স্থলাভিষিক্তগণক্রমে পুনরায় যে কোনপ্রকার সংশোধনী দলিলাদি আপনার অনুকূলে সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিতে বাধ্য ও স্বীকৃত রহিলাম।

পৃষ্ঠা ৫

SEAL OF THE ADDL. DIST. SUB-REGISTRAR
MAYNAGURI, DIST. JALPAIGURI

Addl. District
Sub-Registrar
MAYNAGURI

এতদর্থে সুস্থ শরীরে, স্বেচ্ছায়, স্বজ্ঞানে, সরল অন্তঃকরনে, অন্যের বিনানুরোধে বা বিনা প্ররোরচনায় অত্র দলিল পড়িয়া বুঝিয়া ও ইহার মর্ম্ম ও ফলাফল সম্যকরূপে অবগত হইয়া অত্র দলিল আপনার নাম বরাবর সহি সম্পাদন করিয়া দিলাম। ইতি তাং বাংলা ১৪১৪ সালের ১৭ই অগ্রহায়ণ, মোতাবেক ইংরাজী ২০০৭ সালের ৪ঠা ডিসেম্বর।

## তপশীল (বিক্রীত সম্পত্তির পরিচয় ও চৌহদ্দি)

জেলা -জলপাইগুড়ি, থানা -মাল, ডিষ্ট্রীক্ট সাব রেজিষ্ট্রী অফিস-জলপাইগুড়ি, এ্যাডিসন্যাল ডিষ্ট্রীক্ট সাব রেজিষ্ট্রী অফিস -ময়নাগুড়ি, লাটাগুড়ি গ্রাম পঞ্চায়েতের এলাকাধীন, পরগনা -দক্ষিণ ময়নাগুড়ি, ৮৪ নং তৌজির অন্তর্গত, রেঃ সাঃ নং- ৫৯, জে. এল. নং - ৯২, মৌজা-ঝাড় মাটিয়ালী গ্রামে, এল. আর. জরীপের ৩৫৬ নং খতিয়ানের অন্তগর্ত, ৭৬৮ (সাত শত আটষট্টি) নং দাগে ৬৬(ছেষট্টি) শতক দহলা জমিজমা মায় আকর আওলাতাদি মায় সর্ব্বপ্রকার ব্যবহারিক ও ইজমেণ্ট স্বত্বাদি সহ সম্পত্তি অত্র কোবালা দলিলের বিক্রীত সম্পত্তি হইতেছে। বিক্রীত সম্পত্তি অত্র কোবালা দলিলের সহিত গ্রথিত নক্সায় "লাল" রংয়ের রেখার দ্বারা চিহ্নিত ও প্রদর্শিত। অত্র বিক্রীত দাগের সম্পত্তি চাষাবাদে ব্যবহৃত হইতেছে এবং যাতায়াতের কোন পথ নাই।

### উহার চৌহদ্দি ঃ-

উত্তরে ঃ- ৭৬৯ নং দাগের জমিজমা।
দক্ষিণেঃ- ৭৬০ নং দাগের জমিজমা।
পূর্বেঃ- ৭৭০ নং দাগের জমিজমা।
পশ্চিমে ঃ- ৭৬৭ নং দাগের জমিজমা।

THE ADDL. DIST. SUB-REGISTRAR ★ DIST. JALPAIGURI

Addl. District
Sub-Registrar
MAYNAGURI

## টাকার জায়

অদ্য কোবালা গ্রহীতার নিকট হইতে ড্রাফট মারফত লওয়া ২,২০,০০০ (দুই লক্ষ কুড়ি হাজার) টাকা মাত্র উহা নিম্নে বর্ণিত হইল।

| ব্যাঙ্ক | ড্রাফট নং | তারিখ | টাকা |
|---|---|---|---|
| সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইণ্ডিয়া | ০৪৭৮৩৪ | ৩০/১১/২০০৭ | ২,২০,০০০ |
| | | মোট | ২,২০,০০০ |

সবলগে (দুই লক্ষ কুড়ি হাজার টাকা) মাত্র বুঝিয়া পাইলাম।

কোবালা দাতার স্বাক্ষর

ইসাদী :-

১।

২।

Drafted by & Prepared in the office of :-

Subhankar Sarkar


**Subhankar Sarkar**
Advocate
Enrolment No. WB/205/1997
Alipore Judges' Court, Kolkata-700 027.

**Computer Print by :-**

*Tuphan Ganguly*
Alipore Judges' Court, Kolkata-700 027.

SEAL OF THE ADDL. DIST. SUB-REGISTRAR ★ MAYNAGURI DIST. JALPAIGURI

Addl, District.
Sub-Registrar
MAYNAGURI



| | বৃদ্ধাঙ্গুলী | তর্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| দক্ষিণ হস্ত | | | | | |
| বামহস্ত | | | | | |

নাম ঃ- শ্রী সুবোধ চন্দ্র রায়

স্বাক্ষরঃ-



| | বৃদ্ধাঙ্গুলী | তর্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| দক্ষিণ হস্ত | | | | | |
| বামহস্ত | | | | | |

নাম ঃ- শ্রী সোমনাথ চক্রবর্ত্তী

স্বাক্ষরঃ-

SEAL OF THE ADDL. DIST. SUB-REGISTRAR
MAYNAGURI, DIST. JALPAIGURI

Addl. District
Sub-Registrar
MAYNAGURI

Book No. I Volume No. 30
Pages 4529 to 4534
Being No. 2150 for the year 2007


Office - 5:30

Addl. District
Sub-Registrar
MAYNAGURI
28-6-70

SITE PLAN IN RESPECT OF EPOCH GREEN FIELDS I.T. PARKS DEVELOPMENT LIMITED 86C TOPSIA ROAD (SOUTH) KOLKATA-700046 OF MOUZA JHAR MATIALI J.L.NO-92 SHEET NO-2 P.S.-MAL UNDER LATAGURI GRAM PANCHAYET DISTRICT-JALPAIGURI.

TRUE COPY OF R.S. MAP (IN PART)
SCALE 16"=1 MILE

LAND PROPOSED TO BE SOLD
AREA SHOWN BY RED COLOUR




Drawn by
Anupam Shome

SEAL OF THE ADDL. DIST. SUB-REGISTRAR

MAYNAGURI DIST. JALPAIGURI

Addl. District
Sub-Registrar
MAYNAGURI